

ভূমিসেবা সহায়তা কেন্দ্র স্থাপনের অনুমতি প্রাপ্তির আবেদন দাখিলের জন্য বিজ্ঞপ্তি

ভূমি মন্ত্রণালয়ের ডিজিটাইজেশন, নলেজ ম্যানেজমেন্ট ও পারফরমেন্স (ডিকেএমপি) অনুবিভাগ, ঢাকা এর “ভূমি সেবা সহায়তা নির্দেশিকা, ২০২৫” অনুযায়ী নিম্নবর্ণিত যোগ্যতা সম্পন্ন ব্যক্তি ও ব্যবসায়িক প্রতিষ্ঠানের মাধ্যমে নাগরিকদের জনবান্ধব ভূমিসেবা সহায়তা প্রদানের লক্ষ্যে ০৫ (পাঁচ) উপজেলার ১০ (দশ) টি স্পটে অনুমতিপত্র গ্রহণে আগ্রহী ব্যক্তিদের নিকট হতে নির্দিষ্ট ফরমে আবেদন আহ্বান করা যাচ্ছে। আগ্রহী ব্যক্তিদের ০৪/০৬/২০২৫ তারিখ হতে ১৮/০৬/২০২৫ তারিখের মধ্যে অফিস চলাকালীন dcrajbari@mopa.gov.bd ই-মেইলে আবেদন দাখিলের জন্য বলা হলো। আবেদনের সাথে নিম্নলিখিত সকল কাগজাদি স্ক্যান করে সংযুক্তি আকারে প্রেরণ করতে হবে। তবে কোন কারণে আবেদনকারী কর্তৃক দাখিলকৃত কাগজপত্র কর্তৃপক্ষ দেখতে চাইলে মূল কপি সরবরাহ করতে হবে।

ক্র.	উপজেলার নাম	যে প্রতিষ্ঠানের জন্য প্রযোজ্য (সংখ্যায়)				সেবার নাম
		ভূমি অফিসের নাম	সংখ্যা	ইউনিয়নের নাম	সংখ্যা	
০১	রাজবাড়ী সদর	উপজেলা ভূমি অফিস রাজবাড়ী সদর, রাজবাড়ী	০১	শহিদ ওহাবপুর ইউনিয়ন ভূমি অফিস, রাজবাড়ী সদর, রাজবাড়ী	০১	
০২	পাংশা	উপজেলা ভূমি অফিস পাংশা, রাজবাড়ী	০১	পৌর ভূমি অফিস, পাংশা, রাজবাড়ী	০১	
০৩	বালিয়াকান্দি	উপজেলা ভূমি অফিস বালিয়াকান্দি, রাজবাড়ী	০১	বহরপুর ইউনিয়ন ভূমি অফিস, বালিয়াকান্দি, রাজবাড়ী	০১	
০৪	কালুখালী	উপজেলা ভূমি অফিস কালুখালী, রাজবাড়ী	০১	বোয়ালিয়া ইউনিয়ন ভূমি অফিস, কালুখালী, রাজবাড়ী	০১	
০৫	গোয়ালন্দ	উপজেলা ভূমি অফিস গোয়ালন্দ, রাজবাড়ী	০১	দৌলতদিয়া ইউনিয়ন ভূমি অফিস গোয়ালন্দ, রাজবাড়ী	০১	

অনুমতিপত্র প্রাপ্তির ক্ষেত্রে আবেদনকারীর যোগ্যতা:

- আবেদনকারীকে ন্যূনতম কম্পিউটার/মোবাইল এপ্লিকেশন সফটওয়্যার, ইন্টারনেট ব্রাউজিং, ডেটা নিরাপত্তা বিষয়ে জ্ঞান ও অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে। তবে, কম্পিউটার সংশ্লিষ্ট বিষয়ে সরকার স্বীকৃত প্রতিষ্ঠান হতে ডিপ্লোমা বা মাত্রক ডিগ্রিধারীদের বা সরকারি অন্যান্য দপ্তরের অনুরূপ সেবা প্রদানকারী প্রতিষ্ঠান পরিচালনাকারীদের অগ্রাধিকার দেওয়া হবে;
- কেন্দ্রের মোট সহায়তাকারীদের ন্যূনতম এক তৃতীয়াংশ নারী হতে হবে, তবে ১ এ বর্ণিত যোগ্যতাসম্পন্ন নারী সহায়তাকারী না পাওয়া গেলে এ শর্ত শিথিলযোগ্য হবে;
- এই নির্দেশিকার অধীন নিজ ব্যয়ে এলএসএফসি স্থাপন ও পরিচালনার আর্থিক ও জনবলগত সক্ষমতা এবং প্রয়োজনীয় সংখ্যক কম্পিউটার থাকতে হবে;
- নিজস্ব ভূমি বা চুক্তিমূলক ন্যূনতম ২ বছর মেয়াদে এলএসএফসি স্থাপনের জন্য অন্যান্য মোট ৮০ (আশি) বর্গফুট মেঝে সম্পন্ন স্থাপনা থাকতে হবে;
- কম্পিউটার/মোবাইল এপ্লিকেশন সফটওয়্যার, ইন্টারনেট ব্রাউজিং বিষয়ে জ্ঞানসম্পন্ন প্রয়োজনীয় সংখ্যক কম্পিউটার কর্মী নিয়োজিত করতে হবে এবং এ ক্ষেত্রে যোগ্যতাসম্পন্ন নারী কম্পিউটার কর্মী নিয়োগে অগ্রাধিকার পাবে;
- সহায়তাকারী ও তার নিয়োজিত কম্পিউটার কর্মীগণ কোনভাবেই ফৌজদারি অপরাধে চার্জশিটভুক্ত বা দণ্ডপ্রাপ্ত ব্যক্তি হবেন না;
- সহায়তাকারীকে সকল ব্যাংকের মোবাইল ব্যাংকিং বা মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিসের হিসাবভুক্ত হতে হবে;
- এলাকাভেদে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত হালনাগাদকৃত ট্রেড লাইসেন্স আবশ্যিকভাবে থাকতে হবে;
- কেন্দ্রে বিদ্যুৎ সংযোগ ও ন্যূনতম ১০ এমবিপিএস গতি সম্পন্ন ইন্টারনেট কানেক্টিভিটি এবং বিকল্প বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা থাকতে হবে;



